গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
সাতকানিয়া, চট্টগ্রাম
www.satkania.chittagong.gov.bd

# সাতকানিয়া উপজেলা পরিষদ এর সেপ্টেম্বর-২০২১ মাসের সাধারণ সভার কার্যবিবরণী

সভাপতি : আব্দুল মোতালেব, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সাতকানিয়া, চট্টগ্রাম
সভার তারিখ : ২৭/০৯/২০২১ খ্রিঃ
সভার সময় : বিকাল ০৩.০০ টা
সভার স্থান : উপজেলা পরিষদ মিলনায়তন
উপস্থিতি /অনুপস্থিতি : পরিশিষ্ট-ক

সভাপতি উপজেলা পরিষদের সম্মানিত সকল সদস্যকে করোনা মহামারি সংক্রমণ হতে সুরক্ষিত থাকার প্রত্যয় ব্যক্ত করে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভায় বিগত সভার কার্যবিবরণী পর্যালোচনা করা হয় এবং কোন সংশোধনী না থাকায় তা দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর সভায় আলোচনাক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয় :

| ক্রমিক | বিভাগ | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ০১ | এলজিইডি | ক) চেয়ারম্যান চরতী ইউনিয়ন পরিষদ সভায় জানান যে, আসন্ন ইউনিয়ন পরিষদ নির্বাচনে দ্বীপ চরতী সরকারি প্রাথমিক বিদ্যালয়ের কেন্দ্রের সাথে সংযুক্ত দ্বীপ চরতী পশ্চিম পাড়া দ্বীপ চরতী প্রাথমিক স্কুল সড়ক উন্নয়ন ও দ্বীপ চরতী বৈলতলী সড়ক উন্নয়ন, দ্বীপ চরতী বাংলা বাজার ব্রিজ মুক্তিযোদ্ধা আহমদ ছফা সড়ক উন্নয়ন এবং দক্ষিণ বাক্ষণডেঙ্গা ইন্দ্রাসরকারি প্রাথমিক বিদ্যালয় সড়ক উন্নয়ন এর কাজ করার জন্য প্রস্তাব করেন।<br>খ) চেয়ারম্যান আমিলাইষ ইউনিয়ন পরিষদ সভায় জানান যে, ০৯নং ওয়ার্ডের আজগরিয়া মাদ্রাসাটি ভারী বর্ষণের কারণে নদীগর্ভে বিলীন হয়ে যাচ্ছে। তিনি আরো জানান যে, এওচিয়া ইউপি থেকে আমিলাইষ ইউপি এবং আমিলাইষ ইউপি থেকে কাঞ্চনা ইউপি ভায়া হিলিমিলি সড়ক মেরামত করার জন্য সভায় প্রস্তাব করেন। তিনি গাটিয়াডেঙ্গা ব্রিজটি এপ্রোচ সড়ক নির্মাণ করার জন্য প্রস্তাব করেন।<br>গ) চেয়ারম্যান ঢেমশা ইউনিয়ন পরিষদ সভায় জানান যে, ২০২০-২০২১ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচী দ্রুত বাস্তবায়ন করা ও বড়ুয়া পাড়া সড়কটি বাস্তবায়নের জন্য প্রস্তাব করা হয়।<br>ঘ) চেয়ারম্যান কেওচিয়া ইউনিয়ন পরিষদ সভায় জানান যে, রেল সড়কের কারণে কেওচিয়া ইউপি পানির নিচে নিমজ্জিত হচ্ছে। চাষাপযোগী জমি বিনষ্ট হচ্ছে। তাই রেল সড়কে ব্রিজ নির্মাণের জন্য সভায় প্রস্তাব করা হয়। | ক) প্রস্তাবিত ক থেকে চ প্রকল্প সমূহ সরেজমিনে পরিদর্শন করে উপজেলা প্রকৌশলী আগামী সভায় মতামত দিবেন। | |

| | | | | |
|---|---|---|---|---|
| | | ঙ) চেয়ারম্যান, ধর্মপুর ইউনিয়ন পরিষদ সভায় জানান যে, বুড়ির দোকান থেকে ধর্মপুর চলে যাওয়া সড়কটির অবস্থা খুবই খারাপ। তিনি সড়কটি মেরামত করার প্রস্তাব করেন।<br>চ) চেয়ারম্যান, সাতকানিয়া ইউনিয়ন পরিষদ সভায় জানান যে, নয়াপাড়া থেকে হাতিয়ারমুখ সড়কটি মেরামত করার জন্য বলা হয়। তিনি আরো জানান যে, ইন্দ্রলাল ছড়া খনন করার জন্য বলেন। | | |
| | | ক) উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, এলজিএসপি ৩ প্রকল্পে কোন অনিয়ম হলে ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানবৃন্দ সরাসরি দায়ী হবে।<br>খ) আমিলাইষ ইউপি টু এওচিয়া হাটুভাঙ্গা সড়ক টেন্ডার হয়েছে।<br>গ) ধর্মপুর চাঁদের পাড়া সড়ক দুই ভাগে ভাগ করা হয়েছে।<br>ঘ) আলী নগর শহীদ জামাল সড়ক নির্মাণ করা হবে। | এ ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়। | |
| | | ঙ) উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, সকল ইউনিয়ন পরিষদের সড়ক রোড ইনভেন্টরীতে অন্তভূক্ত হয় নি, তাদের সড়ক সমূহ ইনভেন্টরীতে অর্ন্তভূক্ত করার প্রস্তাব করেন। | ঙ) রোড ইনভেন্টরী সড়ক সমূহ অন্তর্ভুক্ত করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| | | চ) উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, সমৃদ্ধি অগ্রযাত্রায় বাংলাদেশ "আমার গ্রাম আমার শহর" বাস্তবায়ন করার জন্য বলা হয়। | চ) সমৃদ্ধি অগ্রযাত্রায় বাংলাদেশ "আমার গ্রাম আমার শহর" বাস্তবায়ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| | | ছ) উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, যোগাযোগের জন্য ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানদের সড়ক ও ব্রিজের নামের তালিকা প্রেরণের জন্য বলা হয়। | ছ) যোগাযোগের জন্য সড়ক ও ব্রিজের নামের তালিকা প্রেরণের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| | | জ) চেয়ারম্যান ছদাহা ইউনিয়ন পরিষদ সভায় জানান যে, ২০২১-২০২২ অর্থ বছরে উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল (ইউডিএফ) হতে ছদাহা সুন্দিপ্যা পাড়া সড়ক এইচ বি,বি দ্বারা উন্নয়নের জন্য ৬,০০,০০০/- (ছয় লক্ষ) টাকা কোটেশনের মাধ্যমে বাস্তবায়ন করার জন্য সভায় আলোচনা করা হয়। | জ)২০২১-২০২২ অর্থ বছরে উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল (ইউডিএফ) হতে ছদাহা সুন্দিপ্যা পাড়া সড়ক এইচ বি,বি দ্বারা উন্নয়নের জন্য ৬,০০,০০০/-(ছয় লক্ষ) টাকা কোটেশনের মাধ্যমে বাস্তবায়ন করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| | | ঝ) চেয়ারম্যান (ভারপ্রাপ্ত), সাতকানিয়া ইউনিয়ন পরিষদ সভায় জানান যে, ২০২০-২০২১ অর্থ বছরে উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল (ইউডিএফ) হতে করইয়া নগর জলিল বকসু সড়ক এর পরিবর্তে মেহেরীর ব পাড় সড়ক (২য়) অংশ ব্রিক সলিং দ্বারা উন্নয়ন কাজটি (প্রাক্কলিত মূল্য ১,০০,০০০/-) পিআইসির মাধ্যমে বাস্তবায়ন করার জন্য সভায় আলোচনা করা হয়। | ঝ) ২০২০-২০২১ অর্থ বছরে উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল (ইউডিএফ) হতে করইয়া নগর জলিল বকসু সড়ক এর পরিবর্তে মেহেরীর ব পাড় সড়ক (২য়) অংশ ব্রিক সলিং দ্বারা উন্নয়ন কাজটি (প্রাক্কলিত মূল্য ১,০০,০০০/-(এক লক্ষ) টাকা পিআইসির মাধ্যমে বাস্তবায়ন করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ০২ | স্বাস্থ্য বিভাগ | ক) উপজেলা স্বাস্থ্য ও প:প কর্মকর্তা সভায় জানান যে, প্রতি ইউনিয়নে আগামী ২৮/০৯/২০২১খ্রি: তারিখ ১৫০০(এক হাজার পাঁচশ) জন নাগরিক কে করোনা ভ্যাক্সিন দেয়া হবে। | ক)প্রতি ইউনিয়নে আগামী ২৮/০৯/২০২১খ্রি: তারিখ ১৫০০(এক হাজার পাঁচশ) জন নাগরিক কে করোনা ভ্যাক্সিন দেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্বাস্থ্য ও প:প: কর্মকর্তা, সকল চেয়ারম্যানবৃন্দ |
| | | খ) উপজেলা স্বাস্থ্য ও প:প কর্মকর্তা সভায় জানান যে, সকল রাজনৈতিক ব্যক্তিত্ব ও জনপ্রতিনিধিকে হাসপাতালে রোগী প্রেরণের জন্য সভায় প্রস্তাব করেন। | খ) সকল রাজনৈতিক ব্যক্তিত্ব ও জনপ্রতিনিধিকে হাসপাতালে রোগী প্রেরণের জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয় | |
| | | গ) চেয়ারম্যান এওচিয়া ইউনিয়ন পরিষদ সভায় জানান যে, আগামী ২৮/০৯/২০২১খ্রি: তারিখ প্রতি ইউনিয়নে ১৫০০ (এক হাজার পাঁচশ) রোগীকে ০৪(চার)টি বুথে করোনা টিকা দেয়া হবে। তিনি আরো জানান যে, নিয়মানুযায়ী কাজ করার জন্য প্রস্তাব করেন। | | |
| ০৩ | কৃষি বিভাগ | উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক। ৫০% ভর্তুকীতে কৃষি যন্ত্রপাতি বিতরণের আওতায় একটি কর্ণ শেলার ও ৪৪টি পাওয়ার থ্রেসার এর আবেদন পাওয়া গেছে।আবেদন সমূহ যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে প্রকল্প পরিচালক, ঢাকা নিকট প্রেরণ করা হয়েছে। তিনি আরো জানান যে, বর্তমানে | এ ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা কৃষি কর্মকর্তাকে অনুরোধ করা হয়।<br>প্রতিটি ইউনিয়ন পরিষদে উপসহকারী কৃষি কর্মকর্তাদের বসার জন্য চেয়ার টেবিলের ব্যবস্থা করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি কর্মকর্তা ও |

| | | | | |
|---|---|---|---|---|
| | | আউশ ধান কর্তন চলছে এবং ফলন বেশ ভালো। প্রতিটি ইউনিয়ন পরিষদে উপসহকারী কৃষি কর্মকর্তাদের বসার জন্য চেয়ার টেবিলের ব্যবস্থা করার ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানদের অনুরোধ করা হয়। | | সকল ইউপি চেয়ারম্যানবৃন্দ |
| ০৪ | প্রাণি সম্পদ বিভাগ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় জানান যে, দুর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রণালয় হতে গরীব খামারীদের জন্য গো খাদ্যের বরাদ্দ পাওয়া গেছে। প্রতি ইউনিয়ন হতে ০৫(পাঁচ) জন খামারীর নাম প্রেরণের জন্য ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানদের অনুরোধ জানানো হয়।<br>ক) জেনোটিক ডিজিজ এ যদি কোন গরু মারা যায় মৃত গরুর সেম্পল ঢাকা প্রেরণ করা হলে ভর্তুকী হিসেবে গরুর মূল্য পাবে।<br>খ) কোন গরুর জলাতঙ্ক রোগ হলে ঐ গরু যারা জবাই করার নিমিত্ত কাটাকাটি করে তারা ঝুঁকিতে থাকবে। | প্রতি ইউনিয়ন হতে ০৫(পাঁচ) জন খামারীর নাম প্রেরণের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা |
| ০৫ | মৎস্য বিভাগ | উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক।<br>কেওচিয়া ইউনিয়নে নয়াখালে মৎস্য অভিযান পরিচালনা করা হয়েছে। | এ ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা মৎস্য কর্মকর্তাকে অনুরোধ করা হ'ল। | মৎস্য কর্মকর্তা |
| ০৬ | বিদ্যুৎ বিভাগ | ডিজিএম পল্লী বিদ্যুৎ সভায় জানান, বিদ্যুৎ উন্নীতকরণের জন্য কাজ করা হচ্ছে।<br>ক) অবৈধভাবে কেউ বিদ্যুৎ সংযোগ নিলে তাৎক্ষণিকভাবে অবহিত করার জন্য সভায় জানান।<br>খ) বৈদ্যুতিক বিল আদায়ে সকলের সহযোগিতা কামনা করেন। | ডিজিএম পল্লী বিদ্যুৎ এবং আবাসিক প্রকৌশলী, বিদ্যুৎ উন্নয়ন বোর্ড কে প্রতি মাসের বৈদ্যুতিক মিটার চেক করে বিদ্যুৎ বিল প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো।<br>ক) অবৈধভাবে কেউ বিদ্যুৎ সংযোগ নিলে তাৎক্ষণিকভাবে অবহিত করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>খ) বৈদ্যুতিক বিল আদায়ে সকলে স্ব-স্ব অবস্থান থেকে সহযোগিতা করবেন।<br>গ) পল্লী বিদ্যুৎ এ লোডশেডিং বন্ধ করার জন্য ডিজিএম পল্লী বিদ্যুৎকে অনুরোধ করা হয়। | ডিজিএম পল্লী বিদ্যুৎ |
| ০৭ | প্রাথমিক শিক্ষা | উপজেলা শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, স্বাস্থ্য বিধি মেনে শিক্ষা কার্যক্রম চালনা করা হচ্ছে। কিছু কিছু বিদ্যালয়ে অনেক ছেলেমেয়ে মাস্ক ব্যবহার করছে না। যে সকল ছাত্র-ছাত্রী ডেঙ্গুজ্বরে আক্রান্ত হয়ে আসছে তাদের বিদ্যালয়ে না আসার জন্য বলা হয়েছে। | এ ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা শিক্ষা কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা শিক্ষা অফিসার |
| ০৮ | দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, ২০২১-২০২২ অর্থ বছরে টি'আর কাবিখা বরাদ্দ পাওয়া গেছে। দ্রুত প্রকল্প তালিকা প্রেরণের জন্য সকল জনপ্রতিনিধিদের অনুরোধ করা হয়। | ২০২১-২০২২ অর্থ বছরে টি'আর কাবিখা প্রকল্প তালিকা প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উঃ প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা ও সকল জনপ্রতিনিধি |
| ০৯ | পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | এ ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা প:প: কর্মকর্তা |
| ১০ | সমবায় বিভাগ | উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান, সমিতির অডিট ও পরিদর্শন চলমান রয়েছে। | এ ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা সমবায় কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | সংশ্লিষ্ট সকল |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| ১১ | সমাজ সেবা বিভাগ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | সকল ইউপি চেয়ারম্যানদের ভাতাভোগীদের তথ্যদিয়ে উপজেলা সমাজসেবা কর্মকর্তাকে সহযোগিতা করার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা সমাজসেবা অফিসার |
| ১২ | যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান, ৩৯৭জন বেকার যুবককে যুব প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। | এ ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | যুব উন্নয়ন কর্মকর্তা |
| ১৩ | জনস্বাস্থ্য বিভাগ | উপ-সহাকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রয়েছে। সকল ইউনিয়ন পরিষদে নলকূপ স্থাপনের কাজের সাথে জড়িত মিস্ত্রিদের খাবার বা যাতায়াত গাড়ি ভাড়া বাবদ কোন রকম আর্থিক লেনদেন না করার বিষয়ে সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়। | এ ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলীকে অনুরোধ করা হয় | উপসহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য কর্মকর্তা |
| ১৪ | আমার বাড়ি আমার খামার | সমন্বয়কারী, আমার বাড়ি আমার খামার প্রকল্প, সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | এ ধারা অব্যাহত রাখার জন্য সমন্বয়কারী,আমার বাড়ি আমার খামার প্রকল্পকে অনুরোধ করা হয়। | সমন্বয়কারী আমাবাআখা |
| ১৫ | মহিলা বিষয়ক | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক। | এ ধারা অব্যাহত রাখার জন্য মহিলা বিষয়ক কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা |
| ১৬ | খাদ্য নিয়ন্ত্রক | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় জানান যে, ওএমএস এর কার্যক্রম চলমান। দশ টাকা মূল্যের খাদ্য সহায়তা কার্যক্রম ও চলমান রয়েছে। তিনি সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানদের তদারকি করার জন্য বলেন। | এ ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা খাদ্য নিয়ন্ত্রককে অনুরোধ করা হয় | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক |
| ১৭ | নির্বাচন কর্মকর্তা | উপজেলা নির্বাচন কর্মকর্তা সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক।<br>ক) ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ সভায় জানান যে, নির্বাচন অফিসের কাজ ধীরগতি। দ্রুত সার্ভিস দেয়ার জন্য বলা হয়।<br>খ) চেয়ারম্যান উপজেলা পরিষদ সভায় জানান যে, ইউনিয়ন পরিষদ নির্বাচন কেন্দ্র হাইস্কুলে হয়। হাইস্কুল কেন্দ্র রাখার জন্য বলা হয়। | এ ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা নির্বাচন কর্মকর্তাকে অনুরোধ করা হয়<br>ক) দ্রুত জনসাধারণের সার্ভিস দেয়ার জন্য উপজেলা নির্বাচন কর্মকর্তাকে অনুরোধ করা হয়।<br>খ)ইউনিয়ন পরিষদ নির্বাচন হাইস্কুল কেন্দ্র রাখার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাচন কর্মকর্তা |
| ১৮ | জাইকা প্রতিনিধি | জাইকা প্রতিনিধি সভায় জানান যে, ৫০,০০,০০০/-(পঞ্চাশ লক্ষ টাকা) বরাদ্দ এসেছে। তৎমধ্যে ১০,০০,০০০/- (দশ লক্ষ টাকা) প্রশিক্ষণ ও আপ্যায়ন খাতে, স্বাস্থ্য যন্ত্রপাতি ৮,০০,০০০/- (আট লক্ষ টাকা), প্রাণি সম্পদ ভবন নির্মাণ বাবদ ১১,০০,০০০/-(এগার লক্ষ টাকা), কৃষি যন্ত্রপাতি ক্রয় (পাওয়ার টিলার ০৪টি) বাবদ ৫,০০,০০০/- (পাঁচ লক্ষ টাকা), বিদ্যালয়ে হাই ও লো বেঞ্চ সরবরাহ বাবদ ১০,০০,০০০/-(দশ লক্ষ) টাকা এবং পশ্চিম চিব্বাড়ি গ্রাম আলোকিত করণ ও সোলার স্থাপন বাবদ ৬,০০,০০০/- (ছয় লক্ষ টাকা) প্রকল্প বাস্তবায়ন করার জন্য সভায় প্রস্তাব করেন। | ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ টাকা) বরাদ্দ এসেছে। তৎমধ্যে ১০,০০,০০০/- (দশ লক্ষ টাকা) প্রশিক্ষণ ও আপ্যায়ন খাতে, স্বাস্থ্য যন্ত্রপাতি ক্রয় বাবদ ৮,০০,০০০/- (আট লক্ষ টাকা), প্রাণি সম্পদ ভবন নির্মাণ বাবদ ১১,০০,০০০/- (এগার লক্ষ টাকা), কৃষি যন্ত্রপাতি ক্রয় (পাওয়ার টিলার ০৪টি) বাবদ ৫,০০,০০০/- (পাঁচ লক্ষ টাকা), বিদ্যালয়ে হাই ও লো বেঞ্চ সরবরাহ বাবদ ১০,০০,০০০/-(দশ লক্ষ) টাকা এবং পশ্চিম চিব্বাড়ি গ্রাম আলোকিত করণ ও সোলার স্থাপন বাবদ ৬,০০,০০০/- (ছয় লক্ষ টাকা) প্রকল্প বাস্তবায়ন করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট সকল |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| ১৯ | ভাইস চেয়ারম্যান | উপজেলা ভাইস চেয়ারম্যান সভায় জানান যে,<br>ক) করোনাকালী সময় প্রত্যেকে যেন টিকা গ্রহণ করে। মহিলাদের ও টিকার আওতায় আনার জন্য বলা হয়।<br>খ) দৈনিক ১০/২০ লোডশেডিং হচ্ছে। লোডশেডিং যাতে না হয় সেজন্য আবাসিক প্রকৌশলী বিউবো, ডিজিএম পল্লী বিদ্যুৎকে অনুরোধ করা হয়।<br>গ) জাইকার বরাদ্দ দেয়া হয়েছে<br>ঘ) বড় বড় মেশিন দিয়ে অবৈধ বালি উত্তোলন বন্ধ করার জন্য সভায় আলোচনা করা হয়।<br>ঙ) নিকাহ রেজিস্টার/কাজীরা প্রতি ওয়ার্ডে ওয়ার্ডে কিছু মহুরী নিয়োগ করে। মহুরীদের নিয়ন্ত্রণে আনার জন্য সভায় প্রস্তাব করা হয়।<br>চ) দোকানে দ্রব্যের মূল্য তালিকা দেয়ার জন্য প্রস্তাব করা হয়।<br>ছ) প্রকল্প বাছাই কমিটি প্রকল্প সমূহ বাছাই করবে।<br>জ) সোনাকানিয়া ইউনিয়ন পরিষদের সচিবের বিরুদ্ধে ব্যবস্থা নেয়ার জন্য সভায় আলোচনা করা হয়। | ন্যাস্তকৃত দপ্তর সমূহের কার্যক্রমে সকলের সার্বিক সহযোগিতা কামনা করা হয়।<br>ক) করোনাকালীন সময় প্রত্যেকে যেন টিকা গ্রহণ করে। মহিলাদের ও টিকার আওতায় আনার জন্য অনুরোধ করা হয়।<br>খ) লোডশেডিং বন্ধ করার জন্য আবাসিক প্রকৌশলী বিউবো, ডিজিএম পল্লী বিদ্যুৎকে অনুরোধ করা হয়।<br>গ) বড় বড় মেশিন দিয়ে অবৈধ বালি উত্তোলন বন্ধ করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>ঙ) নিকাহ রেজিস্টার/কাজীরা প্রতি ওয়ার্ডে ওয়ার্ডে কিছু মহুরী নিয়োগ করে। মহুরীদের নিয়ন্ত্রণে আনার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>চ) দোকানে দ্রব্যের মূল্য তালিকা দেয়ার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।<br>ছ) প্রকল্প বাছাই কমিটি প্রকল্প সমূহ বাছাই করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>জ) সোনাকানিয়া ইউনিয়ন পরিষদের সচিবের বিরুদ্ধে ব্যবস্থা নেয়ার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট সকল |
| ২০ | বিবিধ | ক) উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, আনসার ভিডিপি সদস্যদের জন্য আবাসন নির্মাণ করার নিমিত্ত উপজেলা পরিষদে সুনির্দিষ্ট জায়গা পাওয়া গিয়েছে। আবাসন নির্মাণের জন্য "সীমিত দরপত্র পদ্ধতিতে" একতলা আনসার ভিডিপি হোষ্টেল নির্মাণ কাজটি দ্রুত বাস্তবায়নের জন্য সভায় আলোচনা করা হয়। | আনসার ভিডিপি সদস্যদের জন্য আবাসন নির্মাণ "সীমিত দরপত্র পদ্ধতিতে" একতলা আনসার ভিডিপি হোষ্টেল নির্মাণ কাজটি দ্রুত বাস্তবায়নের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট সকল |
| | | খ) উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে কর্মরত ফটোকপি মেশিন অপারেটর রাখাল চন্দ্র মালির মৃত্যুতে শোক প্রস্তাব করা হয়। তাঁর সৎকারের জন্য উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের অপ্রত্যাশিত খাত থেকে ২০,০০০/-(বিশ হাজার) টাকা ব্যয় করার জন্য সভায় প্রস্তাব করেন। | জনাব রাখাল চন্দ্র মালির মৃত্যুতে শোক প্রস্তাব সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। তাঁকে সৎকারের জন্য উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের অপ্রত্যাশিত খাত থেকে ২০,০০০/-(বিশ হাজার) টাকা ব্যয় করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট সকল |
| | | গ) উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, জন্ম মৃত্যু নিবন্ধনে অর্থ আয় হয় প্রচুর কিন্তু এ খাতে টাকা জমা দেয়া হয় না। | জন্ম মৃত্যু নিবন্ধনে দৈনন্দিন টাকা দৈনিক ব্যাংকে নির্ধারিত কোডে জমা দেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট সকল |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | | ঘ) উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, পূজার সময় আইন শৃঙ্খলা রক্ষায় সকলকে সচেতন থাকতে হবে। | পূজার সময় আইন শৃঙ্খলা রক্ষায় সকলকে সচেতন থাকার সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট সকল |
| | | ঙ) উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, সাতকানিয়া সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ের পিছনে এক অংশ একদম সরিয়ে গেছে এটি মেরামত করার জন্য প্রস্তাব করেন। | সাতকানিয়া সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ের পিছনে এক অংশ মেরামত করার জন্য মেয়র, সাতকানিয়া পৌরসভা, প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | মেয়র সাতকানিয়া পৌরসভা |
| | | চ) উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, মুক্তিযোদ্ধা যাচাই বাছাই কার্যক্রম চলমান। | নীতিমালা অনুযায়ী যাচাই বাছাই কার্যক্রম পরিচালনা করার সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট সকল |

০২। সভাপতি করোনাকালীন সকল সরকারি কর্মকর্তা ও কর্মচারী তাদের উপর ন্যস্তকৃত দায়িত্ব সঠিকভাবে পালন করার জন্য অনুরোধ করেন। তিনি আরো বলেন যে, কোভিড-১৯ সরকারি সিদ্ধান্ত বাস্তবায়ন করার জন্য ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে আহবান জানান। টিকা গ্রহণে জনগণকে উদ্বুদ্ধ করতে হবে।

০৩। অত:পর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

আব্দুল মোতালেব
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
সাতকানিয়া, চট্টগ্রাম

স্মারক নং ০০.০০.১৫৮২.০০০.১২.০০২.২০২১- ১৬৫০
তারিখ :২৭/০৯/২০২১খ্রিঃ

অনুলিপি : সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো ;

০১। মাননীয় সংসদ সদস্য, ২৯২ চট্টগ্রাম ১৫ এবং ২৯১ চট্টগ্রাম ১৪
০২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০২। পরিচালক, স্থানীয় সরকার, চট্টগ্রাম বিভাগ
০৩। জেলা প্রশাসক, চট্টগ্রাম
০৪। উপ-পরিচালক , স্থানীয় সরকার, চট্টগ্রাম
০৫। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সাতকানিয়া, চট্টগ্রাম
০৬। অধ্যক্ষ, সাতকানিয়া সরকারি কলেজ, চট্টগ্রাম
০৭। ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সাতকানিয়া, চট্টগ্রাম
০৮। মেয়র, সাতকানিয়া পৌরসভা, চট্টগ্রাম
০৯। উপজেলা ..........................................................................কর্মকর্তা, সাতকানিয়া, চট্টগ্রাম /অফিসার ইনচার্জ সাতকানিয়া থানা, চট্টগ্রাম
১০। চেয়ারম্যান ...........................................(সকল) ইউনিয়ন পরিষদ, সাতকানিয়া, চট্টগ্রাম/ চেয়ারম্যান, সাতকানিয়া ইউসিসিএ লিঃ চট্টগ্রাম
১১। প্রশাসক, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ, সাতকানিয়া উপজেলা ইউনিট কমান্ড।
১২। জনাব .....................................মহিলা সদস্য......... ........... ইউনিয়ন ও সদস্য উপজেলা পরিষদ

২৭/০৯/২১

ফাতেমা-তুজ-জোহরা
উপজেলা নির্বাহী অফিসার
সাতকানিয়া, চট্টগ্রাম
ফোন : ০৩০৩৬-৫৬২৩২
unosatkania@mopa.gov.bd

CamScanner